০১ (এক) বছর মেয়াদি

সাংবাদিকতায় স্নাতকোত্তর ডিপ্লোমা (পিজিডিজে) প্রোগ্রাম

শিক্ষাবর্ষ: ২০২৩-২০২৪

ভর্তি নির্দেশিকা

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে সাংবাদিকতায় স্নাতকোত্তর ডিপ্লোমা প্রোগ্রাম ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ভর্তির জন্য উপযুক্ত প্রার্থীদের কাছ থেকে আবেদন আহ্বান করছে।

পিজিডিজে প্রোগ্রাম সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য

- ✓ মোট ক্রেডিট ৪০ (চল্লিশ)
- ✓ আসন সংখ্যা ৫০ (পঞ্চাশ)
- ✓ কোর্স ফি: ১৬,০০০/- (ষোলো হাজার) টাকা (এককালীন)
- ✓ ক্লাসের সময়: শুক্রবার ও শনিবার (সকাল ৯টা থেকে বিকাল ৪টা) (সরকারি সিদ্ধান্ত অনুযায়ী পরিবর্তনযোগ্য)
- ✓ ক্লাসের মাধ্যম: শ্রেণিকক্ষে সরাসরি পাঠদান

ভর্তি সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য

- ✓ অনলাইনে ভর্তি আবেদন শুরু: **০৫ অক্টোবর ২০২৩ (বিকাল ৪টা থেকে)**
- ✓ অনলাইনে ভর্তি আবেদনের শেষ তারিখ: **২৯ অক্টোবর ২০২৩**
- ✓ ভর্তি আবেদন ফি জমাদানের শেষ তারিখ: **৩০ অক্টোবর ২০২৩**
- ✓ আবেদন ফি জমাদানের বিকাশ মার্চেন্ট নম্বর: **০১৯৭৮৮১৮৮৫৬**
- ✓ ভর্তি আবেদন ফি ৫০০/- (পাঁচশত) টাকা
- ✓ **যোগাযোগ: ০১৯৭৮৮১৮৮৫৬**
  (রবিবার থেকে বৃহস্পতিবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা)

ভর্তি আবেদনের যোগ্যতা

জাতীয় বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) স্বীকৃত যে কোনো বিশ্ববিদ্যালয় থেকে তিন বছর মেয়াদি স্নাতক (পাশ)/স্নাতক (সম্মান) অথবা চার বছর মেয়াদি স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম ৪০% নম্বর/সিজিপিএ ২.০ পেতে হবে।

ভর্তি আবেদন প্রক্রিয়া

১. www.nu.ac.bd/admissions অথবা http://app1.nu.edu.bd/ এ প্রবেশ করে Master's/MAS/Ad. MBA/M.Phil/Ph.d/PGD in LIS এ ক্লিক করতে হবে। (নিম্নের ১.১ চিত্র দেখুন)

চিত্র ১.১



২. Blank Data Entry Form (Masters Prof.) অপশনে ক্লিক করতে হবে (দেখুন চিত্র ১.২ এর লাল রঙের)

চিত্র ১.২



৩. Blank Data Entry Form পূরণের পর Masters Professional Application এ ক্লিক করতে হবে (দেখুন চিত্র ১.৩ এর লাল টিক চিহ্ন নির্দেশক)

চিত্র ১.৩



৪. Masters Professional Application এ ক্লিক করার পর একটি ফরম আসবে। ফরমটি পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করে সাবমিট করতে হবে। সাবমিটের পর আবেদনকারী প্রাথমিক আবেদন ফর্মের পিডিএফ কপি সংরক্ষণ করবেন।

৫. জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রাথমিক আবেদন করার পর প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) এর মোবাইল ব্যাংকিংয়ের বিকাশ **০১৯৭৮৮১৮৮৫৬** নম্বরে ৫০০/- (পাঁচশত টাকা) প্রেরণ করতে হবে।

বিকাশে টাকা পাঠানোর নিয়ম নিম্নে দেওয়া হলো:

ক. *২৪৭# ডায়াল করে বিকাশ মোবাইল মেন্যুতে যান
খ. "পেমেন্ট" সিলেক্ট করুন
গ. মার্চেন্ট বিকাশ একাউন্ট নাম্বার হিসেবে ০১৯৭৮৮১৮৮৫৬ লিখুন
ঘ. টাকার পরিমাণে ৫০০/- (পাঁচশত) লিখুন
ঙ. তথ্যসূত্র বা Reference এ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি **রোল লিখুন**
চ. কাউন্টার নাম্বারে '০' লিখুন
ছ. আপনার বিকাশ মোবাইল মেন্যু পিনটি দিয়ে পেমেন্ট সম্পন্ন করুন
জ. আপনি বিকাশ থেকে একটি কনফার্মেশন মেসেজ পাবেন।

বিকাশ অ্যাপ থেকে টাকা পাঠানোর নিয়ম

ক. পেমেন্ট এ ক্লিক করুন
খ. মার্চেন্ট নাম্বার এ ০১৯৭৮৮১৮৮৫৬ লিখুন
গ. অ্যামাউন্ট এ ৫০০ (পাঁচশত) লিখুন
ঘ. রেফারেন্স/Reference এ জাতীয় বিশ্ববিদ্যালয়ের দেওয়া রোল নম্বর লিখুন
ঙ. কাউন্টার নাম্বারে '০' লিখুন
চ. আপনার বিকাশ মোবাইল মেন্যু পিনটি দিয়ে পেমেন্ট সম্পন্ন করুন
ছ. আপনি বিকাশ থেকে একটি কনফার্মেশন মেসেজ পাবেন।

অথবা নিম্নের কিউআর কোড স্ক্যান করে বিকাশ পেমেন্ট সম্পন্ন করুন

বি.দ্র: বিকাশে টাকা পাঠানোর ট্রানজেকশন আইডি, যে নম্বর থেকে পাঠানো হয়েছে সেই নম্বর, টাকা পাঠানোর সময় ও তারিখ আবেদনকারী সংরক্ষণ করবেন। টাকা প্রাপ্তির কনফার্মেশন বার্তা **০১৯৭৮৮১৮৮৫৬** থেকে প্রেরণ করা হবে।

৬. টাকা পাঠানোর পর ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থী পিআইবির ওয়েবসাইট (**https://forms.gle/TpSec9pdnN5aM7mK6** অথবা **www.pib.gov.bd**) থেকে অনলাইনে ভর্তি আবেদন সম্পন্ন করবেন। অনলাইন আবেদনের পূর্বে নিম্নলিখিত কাগজসমূহ (সফটকপি পিডিএফ ও জেপিইজি ফরম্যাট) অবশ্যই সঙ্গে রাখতে হবে।

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদনের স্বাক্ষরবিহীন পিডিএফ কপি (সর্বোচ্চ ৩ মেগাবাইট)

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদনের পিডিএফ কপি প্রিন্ট করুন। প্রিন্টকৃত আবেদনে শিক্ষার্থী স্বাক্ষর করবেন। এরপর স্বাক্ষরিত আবেদনপত্রটি পিডিএফ ফরম্যাটে স্ক্যান করুন। (সর্বোচ্চ ৩ মেগাবাইট)
- পাসপোর্ট আকারের ছবি (সর্বোচ্চ ৩ মেগাবাইট)

- স্নাতক পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার সনদের সত্যায়িত স্ক্যান (পিডিএফ) কপি (সর্বোচ্চ ৩ মেগাবাইট)

- স্নাতক পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার নম্বরপত্রের সত্যায়িত স্ক্যান (পিডিএফ) কপি (সর্বোচ্চ ৩ মেগাবাইট)

- স্নাতক পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত স্ক্যান (পিডিএফ) কপি (সর্বোচ্চ ৩ মেগাবাইট)

- দ্বৈত ভর্তি না হওয়া সংক্রান্ত অঙ্গীকারনামার শিক্ষার্থী কর্তৃক স্বাক্ষরিত কপি (পিডিএফ) (সর্বোচ্চ ৩ মেগাবাইট)
  বি.দ্র: অঙ্গীকারনামা কাছে না থাকলে pib.gov.bd থেকে ডাউনলোড করুন। ডাউনলোডের পর অঙ্গীকারনামা পূরণ ও স্বাক্ষর করে কপিটি পিডিএফ ফরম্যাটে স্ক্যান করুন।

- সংবাদপত্র, বিজ্ঞাপনী সংস্থা ও অন্যান্য গণমাধ্যম প্রতিষ্ঠানে সাংবাদিকতা ও গণযোগাযোগ সংশ্লিষ্ট পেশায় নিয়োজিত প্রার্থীদের এই প্রোগ্রামে ভর্তির জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতিপত্র (পিডিএফ)। (প্রযোজ্য ক্ষেত্রে) (সর্বোচ্চ ৩ মেগাবাইট)

৭. এসএসসি, এইচএসসি পরীক্ষা ও ফলাফল সংক্রান্ত তথ্য, ব্যক্তিগত তথ্য (বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, যোগাযোগ নম্বর, ই-মেইল ঠিকানা ইত্যাদি) আপনার কাছে রাখুন।

৮. '৬' ও '৭' নম্বরে উল্লিখিত তথ্য ও সফটকপিসমূহ আপনার কাছে থাকলে পিআইবি ওয়েবসাইটের নির্ধারিত লিংকে (**https://forms.gle/TpSec9pdnN5aM7mK6** অথবা **www.pib.gov.bd**) ক্লিক করে তথ্য ফর্মটি পূরণ করুন এবং প্রয়োজনীয় ফাইল আপলোড করুন। পূরণ শেষে Submit বাটন চাপুন। আবেদন সম্পন্ন হলে **'সাংবাদিকতায় স্নাতকোত্তর ডিপ্লোমা প্রোগ্রামের ২০২৩-২০২৩৪ শিক্ষাবর্ষে ভর্তির আবেদন করার জন্য আপনাকে ধন্যবাদ। পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।'** শীর্ষক বার্তা আপনাকে প্রদান করা হবে।

৯. আপনার আবেদন সম্পন্ন হওয়ার ৪৮ ঘণ্টার মধ্যে **০১৯৭৮৮১৮৮৫৬** নম্বর থেকে নিশ্চিতকরণ বার্তা প্রদান করা হবে।

১০. পিআইবি ওয়েবসাইট থেকে অনলাইনে আবেদন করার এবং বিকাশে আবেদন ফি জমা দেওয়ার শেষ তারিখ **৩০ অক্টোবর ২০২৩**।

যোগাযোগ
সমন্বয়কারী
সাংবাদিকতায় স্নাতকোত্তর ডিপ্লোমা প্রোগ্রাম

যোগাযোগ: **০১৯৭৮৮১৮৮৫৬**, ০২-৪৮৩১০০৮৫
৩, সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০।
ওয়েবসাইট: www.pib.gov.bd
ই-মেইল: pgdj.pib@gmail.com
ফেসবুক- https://www.facebook.com/pib.gov.bd